তারিখ 17 JAN 2016
পৃষ্ঠা ২১ কলাম ৩

# জাবিতে ১৯ ব্যাচের পরীক্ষা স্থগিত

■ জাবি প্রতিনিধি

শিক্ষকদের চলমান আন্দোলনের কারণে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের (জাবি) দশটি বিভাগের প্রায় ১৯ ব্যাচের চূড়ান্ত পরীক্ষা স্থগিত করা হয়েছে। গতকাল শনিবার বিশ্ববিদ্যালয়ের বিভাগগুলোতে ঘুরে এ তথ্য জানা গেছে। এর মধ্যে সমাজবিজ্ঞান অনুষদের আওতাধীন নগর ও অঞ্চল পরিকল্পনা বিভাগের দ্বিতীয় বর্ষ, সরকার ও রাজনীতি বিভাগের প্রথম বর্ষ, ভূগোল ও পরিবেশ বিভাগের প্রথম বর্ষের পরীক্ষা স্থগিত করা হয়েছে।

এ ছাড়া কলা ও মানবিকী অনুষদের আওতাধীন প্রত্নতত্ত্ব বিভাগের প্রথম বর্ষ, একই বিভাগের এমফিল ও পিএইচডি, বাংলা বিভাগের চতুর্থ ও দ্বিতীয় বর্ষ, এমফিল ও পিএইচডির পরীক্ষাও হচ্ছে না।

এদিকে আন্দোলন চলমান থাকলে আরও ৬টি বিভাগের চূড়ান্ত পরীক্ষা নিয়ে অনিশ্চয়তা দেখা দিয়েছে। জাবি শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক খবির উদ্দিন বলেন, এ ব্যাপারে জরুরি সভা আহ্বান করে সিদ্ধান্ত নেওয়া হবে।